



# জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

সূত্র-পিজি০৮-০/০০০১৩/২০১৫/৫৭২

তারিখ : ২৩/১১/২০১৫

## বিজ্ঞপ্তি

শিক্ষার গুণগত মান বৃদ্ধির লক্ষ্যে অধিভুক্ত কলেজের শিক্ষকগণের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করে আসছে। একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্ত অনুযায়ী শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রমকে আরো ফলপ্রসূ ও কার্যকরী করার জন্য প্রশিক্ষণের মেয়াদ ০৪(চার) সপ্তাহ করা হয়েছে। সম্প্রতি জাতীয় বিশ্ববিদ্যালয় সকল শিক্ষা কার্যক্রমের সিলেবাস যুগোপযোগী করে তা কার্যকরকরণের কাজ শুরু করেছে। নতুনভাবে প্রণীত সিলেবাসের তুলনামূলক জটিল ও গুরুত্বপূর্ণ কোর্স/হিস্য সম্পর্কে ধারণা দেয়ার লক্ষ্যে প্রশিক্ষণের আলোচ্য বিষয়ের মধ্যে তা অর্ন্তভুক্ত করা হবে। এতে করে প্রশিক্ষণার্থীগণ অনেক বেশী লাভবান হবেন। এ লক্ষ্যে ২০১৬ সালের জানুয়ারি-জুন মাসে নিম্নে উল্লিখিত ৬টি ব্যাচে ১৮টি (আঠার) টি বিষয়ের প্রশিক্ষণ কোর্স আয়োজনে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। নিম্নে এ বিষয়ে বিস্তারিত তথ্য প্রদান করা হলো।

ব্যাচ	বিষয়	প্রশিক্ষণের সময়কাল	প্রশিক্ষণার্থীর নাম প্রেরণের সময়কাল
৯৮ তম	ইংরেজি পদার্থবিজ্ঞান ব্যবস্থাপনা	০৩/০১/২০১৬ থেকে ২৮/০১/২০১৬	২৩/১১/২০১৫ থেকে ০৬/১২/২০১৫
৯৯ তম	ইতিহাস অর্থনীতি গণিত	০১/০২/২০১৬ থেকে ২৮/০২/২০১৬	১০/১২/২০১৫ থেকে ৩০/১২/২০১৫
১০০ তম	দর্শন প্রাণিবিদ্যা মার্কেটিং	০২/০৩/২০১৬ থেকে ২৯/০৩/২০১৬	০৭/০১/২০১৬ থেকে ৩১/০১/২০১৬
১০১ তম	রাষ্ট্রবিজ্ঞান উদ্ভিদবিজ্ঞান ফিন্যান্স এন্ড ব্যাংকিং	০২/০৪/২০১৬ থেকে ২৮/০৪/২০১৬	০৪/০২/২০১৬ থেকে ২৫/০২/২০১৬
১০২ তম	বাংলা ইংরেজি ভূগোল ও পরিবেশ বিজ্ঞান	০২/০৫/২০১৬ থেকে ২৯/০৫/২০১৬	০৬/০৩/২০১৬ থেকে ২৪/০৩/২০১৬
১০৩ তম	সমাজবিজ্ঞান হিসাববিজ্ঞান রসায়ন	৩১/০৫/২০১৬ থেকে ২৩/০৬/২০১৬	০৬/০৪/২০১৬ থেকে ২৫/০৪/২০১৬

অধিভুক্ত কলেজের যে সকল শিক্ষক উক্ত বিষয়সমূহে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পর্যায়ে পাঠদান করে থাকেন তাঁদের মধ্য থেকে ০১ (এক) জন প্রভাষক/সহকারী অধ্যাপক এর উক্ত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের নিমিত্তে তাঁর নাম (ফোন নম্বর ও ইমেইল সহ) বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখের মধ্যে অনলাইনে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। এ সংক্রান্ত আবেদন নোটিশ ও নির্দেশিকা [www.nu.edu.bd](http://www.nu.edu.bd) এর Services মেনুতে পাওয়া যাবে। প্রশিক্ষণ সংক্রান্ত যে কোন প্রয়োজনে ০১৯১৫-৭২৬৫৭৬ ও ৯২৯১০৮০ নম্বরে যোগাযোগের জন্য অনুরোধ করা হলো।

প্রফেসর ড. মোঃ আনোয়ার হোসেন

ডিন(ভারপ্রাপ্ত)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর

ফোন : ৯২৯১০৭৪

ই-মেইল : [ttnubd@gmail.com](mailto:ttnubd@gmail.com)

সূত্র-পিজি০৮-০/০০০১৩/২০১৫/

তারিখ : ১১/২০১৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১. সকল ডিন, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
২. সকল চেয়ারম্যান, একাডেমিক কমিটি, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৩. সকল দপ্তর/বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৪. পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৫. পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৬. উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস-চ্যান্সেলর এর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৭. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) এর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৮. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর (একাডেমিক) এর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৯. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার এর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
১০. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার এর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
১১. অফিস কপি
১২. নোটিশ বোর্ড

(মোঃ হাছানুর রহমান)

উপ-রেজিস্ট্রার(শিক্ষক প্রশিক্ষণ)

ফোন : ৯২৯১০৮০

ই-মেইল : [ttnubd@gmail.com](mailto:ttnubd@gmail.com)

শিক্ষক প্রশিক্ষণ অফিসিয়াল [facebook](https://www.facebook.com/ttnubd) পেইজ : [www.facebook.com/ttnubd](http://www.facebook.com/ttnubd)